Md. Anwar Hossain
Administrator

BGMEA

সার্কুলার নং বিজিএ/কাস/২০২৫/৯৮

তারিখঃ ১২ মে, ২০২৫

## সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর সংশোধন প্রসঙ্গে।**

**সূত্র** ঃ অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীন সম্পদ বিভাগ (কাস্টমস) কর্তৃক জারীকৃত এস.আর.ও নং-১১৭-আইন/২০২৫/০৯-কাস্টমস, তারিখঃ ০৭/৫/২০২৫ইং।

প্রিয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম,

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। বর্ণিত এস.আর.ও. থেকে গুরুত্বপূর্ণ বিষয়সমূহ আপনাদের সদয় জ্ঞাতার্থে তুলে ধরা হলোঃ

- **ফ্রি জোন বন্ডেড ওয়্যার হাউসঃ**
  সরকারিভাবে স্থাপিত বন্ডেড ওয়্যারহাউসে নির্ধারিত কোনো পণ্য শুল্কমুক্তভাবে আমদানিপূর্বক নির্ধারিত মেয়াদের জন্য সংরক্ষণ করে প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে অথবা এলসি বা বিবিএলসি এর বিপরীতে বিক্রয় বা সরবরাহ করা যাবে।

- **সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউসঃ**
  সরকারি বা বেসরকারীভাবে বন্ডেড ওয়্যার হাউসে নির্ধারিত কোনো পণ্য শুল্কমুক্তভাবে আমদানিপূর্বক নির্ধারিত মেয়াদের জন্য সংরক্ষণ করে প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে অথবা এলসি বা বিবিএলসি এর বিপরীতে বিক্রয় বা সরবরাহ করা যাবে ।

- একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে একই কমিশনারেটের অধিক্ষেত্রে দূরত্ব নির্বিশেষে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরে উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের অংশ হিসেবে বিবেচনা করবার অর্থাৎ বিদ্যমান লাইসেন্সী হিসেবে প্রাপ্ত সুবিধা নিরবিচ্ছিন্ন বা বর্ধিতাংশ হিসেবে মূল প্রতিষ্ঠানের সাথে অব্যাহত বন্ড সুবিধা প্রদান করার বিধান করা হয়েছে।

উপরোক্ত সুবিধাদি প্রদান করে এস.আর.ও. টি জারী করা হয়েছে।

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রোক্ত এস.আর.ও টি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তিঃ** বর্ণনামতে।

ধন্যবাদান্তে,

**মোঃ আনোয়ার হোসেন**
প্রশাসক

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মে ৭, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থমন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩২ বঙ্গাব্দ/ ৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ১১৭-আইন/২০২৫/০৯/কাস্টমস।**—সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১১ ও ১২ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, ওয়্যারহাউস লাইসেন্সিং বিধিমালা, ২০২৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার—

(১) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত "ধারা ১২ এর উদ্দেশ্য পূরণকল্পে" শব্দগুলি ও সংখ্যার পরিবর্তে "ধারা ১১ ও ১২ এর সহিত পঠিতব্য" শব্দগুলি ও সংখ্যাগুলি প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ২ এর—

(ক) দফা (ণ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (জ) এর পর নিম্নরূপ নূতন দফা (জজ) সন্নিবেশিত হইবে, যথা:—

"(জজ) "ফ্রি জোন বন্ডেড ওয়্যারহাউস" অর্থ আইনের ধারা ১১ এর আওতায় স্থাপিত সরকারি বন্ডেড ওয়্যারহাউস যেখানে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত কোনো পণ্য বা পণ্যশ্রেণি শুল্কমুক্তভাবে আমদানিপূর্বক এবং বিধি দ্বারা নির্ধারিত মেয়াদের জন্য সংরক্ষণ করিয়া সরাসরি রপ্তানিমুখী, প্রচ্ছন্ন রপ্তানিমুখী ও প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে দেশীয় ভোগের জন্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য বাণিজ্যিক আমদানিকারক এর নিকট এলসি বা বিবিএলসি এর বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয় বা সরবরাহ করা হয়;";


**মূল্য :** টাকা ৮.০০

(গ) দফা (ত) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (থ) সংযোজিত হইবে, যথা:—

"(থ) "সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস" অর্থ আইনের ধারা ১১ ও ১২ এর আওতায় স্থাপিত সরকারি বা বেসরকারি বন্ডেড ওয়্যারহাউস যেখানে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে নির্ধারিত কোনো পণ্য বা পণ্যশ্রেণি শুল্কমুক্তভাবে আমদানিপূর্বক এবং বিধি দ্বারা নির্ধারিত মেয়াদের জন্য সংরক্ষণ করে সরাসরি রপ্তানিমুখী, প্রচ্ছন্ন রপ্তানিমুখী ও প্রযোজ্য শুল্ক করাদি পরিশোধ সাপেক্ষে দেশীয় ভোগের জন্য উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য বাণিজ্যিক আমদানিকারক এর নিকট এলসি বা বিবিএলসি এর বিপরীতে বৈদেশিক মুদ্রার বিনিময়ে বিক্রয় বা সরবরাহ করা হয়।";

(৩) বিধি ৪ এর—

(ক) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(ঙ) বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল আইন, ২০১০ (২০১০ সনের ৪২ নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর দফা (ক) তে উল্লিখিত রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা এবং দফা (খ) তে উল্লিখিত অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান এবং দফা (গ) তে উল্লিখিত বাণিজ্যিক এলাকায় স্থাপিত ওয়্যারহাউস বা সেবা সরবরাহকারী শিল্প ইউনিট, যাহারা বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য বা সেবা অর্থনৈতিক অঞ্চলে বা রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলে স্থাপিত শিল্প ইউনিটে বা অভ্যন্তরীণ প্রক্রিয়াকরণ এলাকায় স্থাপিত শিল্প ইউনিটে বা Domestic Tariff Area (DTA) তে অবস্থিত সরাসরি ও প্রচ্ছন্ন রপ্তানিমুখী শিল্প ইউনিটে প্রক্রিয়াকরণার্থে বৈদেশিক মুদ্রায় সরবরাহ করিয়া থাকে বা দেশের বাহিরে বৈদেশিক মুদ্রায় রপ্তানি করিয়া থাকে;";

(খ) দফা (চ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ছ) ও (জ) সংযোজিত হইবে, যথা:—

"(ছ) সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস;

(জ) ফ্রি জোন বন্ডেড ওয়্যারহাউস।";

(৪) বিধি ১২ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(১) একই মালিকানাধীন একই প্রতিষ্ঠানের আওতায় একাধিক স্থানে একই কমিশনারেটের অধিক্ষেত্রে দূরত্ব নির্বিশেষে প্রতিষ্ঠিত বিভিন্ন স্তরে উৎপাদন ইউনিটের কার্যক্রমকে মূল ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানের অংশ হিসাবে বিবেচনা করিবার অর্থাৎ বিদ্যমান লাইসেন্সি হিসাবে প্রাপ্ত সুবিধার নিরবচ্ছিন্ন বা বর্ধিতাংশ হিসাবে বিবেচনার ক্ষেত্রে Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA), Bangladesh Knitwear Manufacturers and Exporters Association (BKMEA), Bangladesh Terry Towel & Linen Manufacturers & Exporters Association (BTTLMEA), Bangladesh Textile Mills Association (BTMA), Leathergoods and Footwear Manufacturers and Exporters Association of Bangladesh (LFMEAB), Bangladesh Tanners Association (BTA) এবং Bangladesh Shipbuilders Association-ভুক্ত নীট, ওভেন, ডাইং ও প্রিন্টিং, টাওয়েল, লিনেন, হোম টেক্সটাইল, লেদার ও ফুটওয়্যার, ট্যানারি এবং শিপ বিল্ডার্স খাতের প্রতিষ্ঠানকে; এবং জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদনক্রমে, বর্ণিত এসোসিয়েশন ও খাত বহির্ভূত কোনো প্রতিষ্ঠানকে মূল প্রতিষ্ঠানের সহিত অব্যাহত বন্ড সুবিধা প্রদান করা যাইবে।";

(৫) বিধি ১৬ এর উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:—

"(৩) প্রতিষ্ঠানের বিদেশি পরিচালকগণ ( দেশে অবস্থান করুন বা না করুন) কর্তৃক আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন) এর বাধ্যবাধকতা অনুযায়ী Tax Identification Number (TIN) দাখিল করিতে হইবে।";

(৬) বিধি ১৭ এর—

(ক) দফা (গ) এর প্রান্তস্থিত "এবং" শব্দ বিলুপ্ত হইবে;

(খ) দফা (ঘ) এর প্রান্তস্থিত "।" চিহ্নের পরিবর্তে ";" চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:—

"(ঙ) সেন্ট্রাল বন্ডেড ওয়্যারহাউস এবং ফ্রি জোন বন্ডেড ওয়্যারহাউস এর জন্য ৫ (পাঁচ) কোটি টাকার সাধারণ বন্ড।";

(৭) তফসিল-২ এর—

(ক) ক্রমিক নং ২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ২ এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"BIDA/BSCIC/পোষক দপ্তর এর রেজিস্ট্রেশন সনদপত্র।";

(খ) ক্রমিক নং ২২ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(৮) তফসিল-৪ এর ক্রমিক নং ৮ এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক নং ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:—

"BIDA/BSCIC/পোষক দপ্তর এর নিবন্ধন নম্বর:

তারিখ:"।

২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd